

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-২৪৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৫
২৩ সেপ্টেম্বর ২০১৮

সংশোধিত প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), বীরগঞ্জ, দিনাজপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-২১৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তিনি উক্ত বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় ২৫/১০/২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) (বর্তমানে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক))-তে উল্লিখিত “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন এবং মামলা সংশ্লিষ্ট যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) মোতাবেক “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালা ৭(৬) বিধি মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর ২১ জুন ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.১১১.৩৪.০০১. ২০১৮-১৯৮ নং স্মারকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে অর্থাৎ “নিম্নপদে অবনমিতকরণ” গুরুদণ্ড আরোপে একমত পোষণ করে মতামত প্রদান করায় তাকে নিম্নপদে অবনমিতকরণ গুরুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব) তার মূলপদ সহকারী উপজেলা শিক্ষা অফিসার। সহকারী উপজেলা শিক্ষা অফিসার-এর কোন ফিডার পদ না থাকায় নিম্নপদে অবনমিত করার সুযোগ নাই;

সেহেতু, উক্ত প্রজ্ঞাপন সংশোধনপূর্বক জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), বীরগঞ্জ, দিনাজপুর-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(এ) [বর্তমানে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক)] মোতাবেক তাকে নিম্ন বেতন স্কেলে অর্থাৎ ২৯,০০০-৬৩,৪১০/- টাকার স্কেলের সর্বনিম্ন ধাপ ২৯,০০০/- টাকায় নামিয়ে দেয়ার গুরুদণ্ড আরোপ করা হলো। তার বেতন ২৯,০০০/- টাকায় নির্ধারণ করতে হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আসিফ-উজ্জ-জামান)
সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.১৭-২৪৬

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৫
২৩ সেপ্টেম্বর ২০১৮

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, উজ্জগাও, ঢাকা।
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
- ৮। জনাব মোঃ এরশাদুল হক, উপজেলা শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), বীরগঞ্জ, দিনাজপুর।
- ৯। অফিস কপি।



(সুলতানা রাজিয়া)
উপ-সচিব
ফোন-৯৫৭৬৬৯১